দৈনিক আমাদের সময়

তারিখ 25 FEB 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

# নোবিপ্রবির স্নাতক শ্রেণির শূন্য আসনে ভর্তি ৬ মার্চ

নোয়াখালী প্রতিনিধি ●

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণির শূন্য আসনে ভর্তি আগামী ৬ মার্চ অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ৬ মার্চ সকাল ৯টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে প্রয়োজনীয় কাগজপত্র, ভর্তি ও আনুষঙ্গিক ফি আনুমানিক ২৩ হাজার টাকাসহ উপস্থিত থাকতে হবে।

উল্লেখ্য, 'এ' গ্রুপের পরিসংখ্যান বিভাগে ২২টি এবং 'বি' গ্রুপের 'ইএসডিএম' ও 'ওশানোগ্রাফি বিভাগে' ৩০টি আসন খালি আছে। ওই আসনগুলোতে 'এ' গ্রুপের অপেক্ষমাণ তালিকা ১৫০৬-২৫০৫ পর্যন্ত এবং 'বি' গ্রুপে অপেক্ষমাণ তালিকা ১৬৫১-৩০০০ পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে।

বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nstu.edu.bd তে পাওয়া যাবে।